অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/17/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল 100তম ব্রিক অ্যান্ড মর্টার প্রাপ্তবয়স্কদের গাঁজা ডিস্পেন্সারির ঐতিহাসিক উদ্বোধন উদযাপন করলেন

নিউ ইয়র্ক স্টেটে 110টি গাঁজা খুচরা বিক্রয়কেন্দ্র খুলেছে এবং চলছে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্কের নিউয় প্যাল্টজে, 100তম শর্তসাপেক্ষে প্রাপ্তবয়স্ক ব্যবহারের খুচরা ডিস্পেন্সারির (Conditional Adult-Use Retail Dispensary, CAURD) ব্রিক অ্যান্ড মর্টার দোকান, বিগ গ্যাসের (Big Gas) জমকালো উদ্বোধনের মাধ্যমে বৈধ গাঁজা শিল্পখাত বিকাশের একটি উল্লেখজনক মাইলফলক নিউ ইয়র্ক স্টেট অর্জন করেছে। জনগণকে বিক্রির জন্য ডিস্পেন্সারির জমকালো উদ্বোধনের জন্য বিগ গ্যাসের মালিক, জিমিয়া লুইস এবং কারিম হেইন্সওয়ার্থের সাথে গাঁজা ব্যবস্থাপনা অফিস (Office of Cannabis Management, OCM) যোগদান করে।

"পুরো স্টেটের ব্যবসার মালিক, কৃষক এবং বাসিন্দাদের জন্য একটি নিরাপদ ও বৈধ গাঁজা শিল্পখাত গঠন করার ব্যাপারে নিউ ইয়র্ক অগ্রগতি করে চলেছে," **গভর্নর হোকল বলেন।** "100তম ব্রিক অ্যান্ড মর্টার দোকানের উদ্বোধনের মাধ্যমে আমাদের স্টেট একটি সমৃদ্ধ ও সমতার শিল্পখাত প্রতিষ্ঠার ব্যাপারে একটি ঐতিহাসিক মাইলফলক অর্জন করলো।"

নিউ ইয়র্ক স্টেটে বর্তমানে 110টি প্রাপ্তবয়স্ক ব্যবহারের গাঁজা খুচরা বিক্রয়কেন্দ্র (দোকান এবং অস্থায়ী শুধু ডেলিভারি (temporary delivery-only, TDO) অবস্থানসহ) খুলেছে এবং চলছে, এবং শীঘ্রই আরো খুলবে বলে আশা করা যাচ্ছে। এই খুচরা বিক্রয়কেন্দ্রগুলি দোকানের জন্য শর্তসাপেক্ষে প্রাপ্তবয়স্ক ব্যবহারের খুচরা ডিস্পেন্সারি লাইসেন্সধারী, এবং ডেলিভারি সেবা প্রদানকারী CAURD লাইসেন্সধারী, এবং বিদ্যমান মেডিকেল ডিস্পেন্সারির অবস্থানে অবস্থিত প্রাপ্তবয়স্ক ব্যবহারের ডিস্পেন্সারির একটি বৈচিত্র্যময় মিশ্রণ। নিউ ইয়র্কে গাঁজা শিল্পখাতের বিকাশ দ্রুত বিকাশমান খুচরা বিক্রির সংখ্যায় প্রতিফলিত হয়, এবং এর মোট বিক্রি 237 মিলিয়ন মার্কিন ডলারের বেশি। উল্লেখযোগ্য এই যে, এইসব বিক্রির মধ্যে 77 মিলিয়ন মার্কিন ডলার বিক্রি হয়েছে 2024 সালের প্রথম আড়াই মাসে, যা একটি সমৃদ্ধ বাজারের ইঙ্গিত প্রদান করে।

কর্মকাণ্ড শুরু হওয়ার প্রথম বছরেই সামাজিক ও অর্থনৈতিক সমতা (Social and Economic Equity, SEE), আবেদনকারীদেরকে 60 শতাংশ লাইসেন্স প্রদান কার মাধ্যমে স্টেট গাঁজা আইনে (Cannabis Law) স্থির করা সামাজিক ও অর্থনৈতিক সমতা লক্ষ্যকে অতিক্রম করেছে।

সেই গোষ্ঠীর মধ্যে, যথাক্রমে 40 শতাংশ হলো সংখ্যালঘু মালিকানাধীন ব্যবসা এবং 40 শতাংশ হলো নারী মালিকানাধীন ব্যবসা।

এছাড়াও স্টেট দেশব্যাপী সংখ্যাগরিষ্ঠ সংখ্যালঘু মালিকানাধীন ডিস্পেন্সারির শতাংশ প্রায় দ্বিগুণ করেছে। 2024 সালের এপ্রিল মাস পর্যন্ত, নিউ ইয়র্কের প্রাপ্তবয়স্ক ব্যবহারের ডিস্পেন্সারির মধ্যে 37 শতাংশ সংখ্যাগরিষ্ঠ সংখ্যালঘু মালিকানাধীন; জাতীয়ভাবে মাত্র 19 শতাংশ সংখ্যাগরিষ্ঠ সংখ্যালঘু মালিকানাধীন। একইভাবে, নিউ ইয়র্কের প্রাপ্তবয়স্ক ব্যবহারের ডিস্পেন্সারির মধ্যে 11 শতাংশ কৃষ্ণাঙ্গ মালিকানাধীন, এবং জাতীয়ভাবে তা 2 শতাংশ। নিউ ইয়র্কের আনুমানিক 50 শতাংশ খোলা ডিস্পেন্সারি সংখ্যালঘু এবং/অথবা নারী মালিকানাধীন ব্যবসা (Minority- and/or Women-Owned Businesses), যা অন্তর্ভুক্তি এবং অ্যাক্সেসিবিলিটির প্রতি স্টেটের প্রতিশ্রুতিকে তুলে ধরে।

গাঁজা ব্যবস্থাপনা অফিসের নির্বাহী পরিচালক ক্রিস অ্যালেক্সান্ডার বলেন, "পুরো নিউ ইয়র্ক স্টেটে আমাদের লাইসেন্সধারী যারা এই সীমা অতিক্রম করতে অধ্যবসায়ের সাথে কাজ করছে, তাদের জন্য আমরা অত্যন্ত গর্বিত। বিগ গ্যাসে আজকের উদযাপন শুধু এই দলটির নয় যারা আজকে অধীর গ্রাহকদের জন্য তাদের ব্যবসার দুয়ার খুলছে, বরং বীজ থেকে বিক্রি পর্যন্ত এই বাজারকে গঠন করা প্রত্যেক লাইসেন্সধারীর জন্য এই উদযাপন। এটি গাঁজা খাতের বিকাশের অনুঘটক হিসেবে কাজ করা, বৈচিত্র্যের ধারণ করা, এবং সমতার পক্ষে কাজ করার প্রতি আমাদের প্রতিশ্রুতির প্রতিধ্বনি। এই মাইলফলকটি শিল্পখাতের ল্যান্ডস্কেপকে নতুন আকৃতি প্রদানের জন্য আমাদের নিরলস প্রয়াসের প্রতীক এবং এটি অগ্রগতির সীমা অতিক্রম করতে আমাদের সংকল্পকে তুলে ধরে। নিউ ইয়র্ক গাঁজা সামাজিক সমতা বিনিয়োগ তহবিলের (New York Cannabis Social Equity Investment Fund) সমর্থন নিয়ে আমরা আমাদের অগ্রগতি নিয়ে গর্বিত এবং নিউ ইয়র্কের গাঁজা বাজারে অন্তর্ভুক্তি ও অগ্রগতির সন্ধানে অটল থাকার ব্যাপারে প্রতিজ্ঞা করছি।"

নিউ প্যাল্টজ গ্রামের মেয়র টিম রজার্স বলেন, "নিউ ইয়র্ক স্টেটের শর্তসাপেক্ষে প্রাপ্তবয়স্ক ব্যবহারের খুচরা ডিস্পেন্সারি কর্মসূচির একটি আয়োজক সম্প্রদায় হতে পেরে আমরা আনন্দিত। এই উদ্যোগ স্টেটকে 1) গাঁজা আইনের অন্যায় প্রয়োগ দ্বারা ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের সমর্থন করার জন্য একটি বেসরকারি তহবিলে বিনিয়োগ করতে দিয়েছে এবং 2) নিউ ইয়র্ক স্টেটের উৎস থেকে প্রাপ্ত, নিয়ন্ত্রিত, পরীক্ষিত গাঁজা দ্বারা জননিরাপত্তা রক্ষা করতে দিচ্ছে।"

বিগ গ্যাসের মালিক জিমিয়া লুইস এবং কারিম হেইন্সওয়ার্থ বলেন, "নিউ প্যাল্টজ সিটিতে প্রথম লাইসেন্সধারী গাঁজা ডিস্পেন্সারি হতে পেরে বিগ গ্যাস গর্বিত। নিউ ইয়র্ক স্টেট গাঁজা বিনিয়োগ তহবিলের সমর্থন নিয়ে আমরা এখানে এসেছি, তারা এই দারুণ অবস্থানে আমাদেরকে নিয়ে এসেছে। আমাদের সবথেকে উচ্চাকাঙ্ক্ষী স্বপ্নের থেকেও এটি বড়।"

সোশ্যাল ইক্যুইটি ইম্প্যাক্ট ভেঞ্চার্স এলএলসির (Social Equity Impact Ventures LLC) ফান্ডের জেনারেল পার্টনারের জেনারেল প্রিন্সিপ্যাল লাভেটা উইলিস বলেন, "গাঁজা আইনের অন্যায় প্রয়োগ দ্বারা ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের সমর্থন করতে পেরে এবং এই উদীয়মান শিল্পখাতে তাদের সমৃদ্ধিতে সাহায্য করতে পেরে আমরা অত্যন্ত গর্বিত। অ্যাক্সেস এই ক্ষেত্রে সমতা নিয়ে আসে। জিমিয়া লুইস এবং কারিম হেইন্সওয়ার্থের জন্য আমরা অত্যন্ত আনন্দিত

এবং তাদের দারুণ সাফল্য কামনা করছি।সকলের জন্য অন্তর্ভুক্তি এবং সমান সুযোগের প্রচার করে এমন একটি সামাজিকভাবে সমতার খাতের পথে নেতৃত্বদান ও পথ তৈরি করে দেওয়ার জন্য আমরা গভর্নর হোকলের প্রতি আমার আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করছি।"

অভিজ্ঞ উদ্যোক্তা জিমিয়া লুইস এবং কারিম হেইন্সওয়ার্থের মালিকানার এই অবস্থানটি সম্প্রতি একটি অস্থায়ী শুধু ডেলিভারির সাইট থেকে একটি ব্রিক অ্যান্ড মর্টার খুচরা ডিস্পেন্সারিতে রূপান্তরিত হয়েছে যাতে বৈধ, পরীক্ষিত, এবং নিরাপদতর গাঁজা পণ্য ক্রয় করতে ইচ্ছুক স্থানীয় নিউ ইয়র্কবাসীকে আরো উত্তম সেবা প্রদান করা যায়। হেইন্সওয়ার্থ মামলায় জড়িয়ে পড়া একজন ব্যক্তি এবং ডিস্পেন্সারিটি নিউ ইয়র্ক গাঁজা সামাজিক সমতা বিনিয়োগ তহবিল দ্বারা সমর্থিত হচ্ছে। সংবাদ সম্মেলনের পর, বিগ গ্যাস জনগণের কাছে বিক্রির জন্য এর দুয়ার খুলে দেয়, তারা প্রাপ্তবয়স্ক ভোক্তাদের কাছে বৈচিত্র্যময় ব্যাপ্তির নিউ ইয়র্ক স্টেটে উৎপন্ন গাজা পণ্য বিক্রি করে। নিউ ইয়র্কের ক্রমবর্ধমান গাঁজা খাতে এই ল্যান্ডমার্ক নতুন সংযোজনকে সমর্থন করার জন্য একত্রে কাজ করা সম্প্রদায়ের নেতৃবৃন্দ এবং স্টেকহোল্ডারগণ এই ইভেন্টে উপস্থিত ছিলেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন